ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

******

<u>স-১৭৫৬</u>

আগরতলা, ২৬ জুলাই, ২০২৬

## মন কি বাত-এ ফের উঠে এল ত্রিপুরার নাম: প্রধানমন্ত্রীকে মুখ্যমন্ত্রীর কৃতজ্ঞতা



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'মন কি বাত'-এ ফের আরেকবার উঠে এসেছে ছোট্ট পার্বতী রাজ্য ত্রিপুরার নাম। আজ 'মন কি বাত'-এর ১৩৬তম পর্বে প্রধানমন্ত্রী সাংস্কৃতিক ব্যক্তিত্ব সূর্য কুমার দেববর্মা (যিনি সদাগর দেববর্মা নামে পরিচিত) এবং চংপ্রেং-এর নাম উল্লেখ করেন। উল্লেখ্য, চংপ্রেং ইতিমধ্যেই জাতীয় পর্যায়ে স্থান পেয়েছে এবং বাদ্যযন্ত্র চংপ্রেংয়ের সুবাদে ত্রিপুরাও এক অন্য পরিচিতি পেয়েছে।

আরও একবার 'মন কি বাত'-এ প্রধানমন্ত্রী ত্রিপুরার নাম উল্লেখ করায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রধানমন্ত্রীকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়েছেন।

*******